

# কার্পজাতীয় মাছের মিশ্র চাষ ও পাড়ে সবজি চাষ ব্যবস্থাপনা

## অধিবেশন-১ : পোনা মজুদপূর্ব পুকুর ব্যবস্থাপনা




পুকুর প্রস্তুতির আগে জলজ আগাছা ও পাড়ের বোপ-বাড় পরিষ্কার করুন এবং পুকুর পাড়ের বড় গাছের ডালপালা কেটে ফেলুন।

পুকুরের তলার পচা কালো কাদা পুকুরে জীবাণুর বিস্তার ঘটায়। তাই নিয়মিত পচা কালো কাদা অপসারণ করুন।



পুকুরের পাড় উঁচু, চওড়া এবং মজবুত করে মেরামত করুন। এতে চাষকৃত মাছ নিরাপদ থাকবে এবং পুকুরের জৈব নিরাপত্তা বৃদ্ধি পাবে।

রাঙ্কুসে ও অচাষকৃত মাছ পুকুর হতে সরিয়ে ফেলুন। রাঙ্কুসে মাছ ১ কেজি পরিমাণ বড় হতে অন্য প্রজাতির ১০-১২ কেজি মাছ খেয়ে ফেলে।



চুন পুকুরের পানির পিএইচ (pH) মান উন্নত করে এবং রোগজীবাণু ধ্বংস করে।

চুন পানির ঘোলাত্ব দূর করে ও সারের কার্যকারিতা বৃদ্ধি করে। মাটিতে বিদ্যমান জৈব উপাদান পচনে চুন সহায়তা করে।



পুকুর প্রস্তুতির সময় প্রতি শতাংশে ১ কেজি হারে পোড়া চুন প্রয়োগ করুন।

পুকুরে প্রতি শতাংশে ৫-৬ কেজি কম্পোস্ট, ইউরিয়া ১০০-১৫০ গ্রাম এবং টিএসপি ১০০-১৫০ গ্রাম প্রয়োগ করুন।



রাঙ্কুসে/অচাষকৃত মাছ অপসারণ  $\xrightarrow{১-২ \text{ দিন পর}}$  চুন  $\xrightarrow{৪-৫ \text{ দিন পর}}$  সার  $\xrightarrow{৫-৭ \text{ দিন পর}}$  পোনা মজুদ